

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

### এম.ফিল. এবং পিএইচ.ডি. ডিগ্রিতে ভর্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এম.ফিল এবং পিএইচ.ডি ডিগ্রিতে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ০১/০২/২০১৬ হতে ৩১/০৩/২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ০৮ টা হতে বিকাল ০৪ টা) ভর্তি ফরম স্পষ্ট করে লিখে/টাইপ করে যথাযথ ভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান এর দপ্তরে জমা দিতে হবে। ভর্তি ফরমের সঙ্গে প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বর পত্রের ফটোকপি ও সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। ভর্তি ফরমের সঙ্গে প্রার্থীর একটি পূর্ণাঙ্গ CV/জীবন বৃত্তান্ত এবং চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র সংযুক্ত করতে হবে। ভর্তি ফরম, ভর্তির যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd)) থেকে ডাউনলোড করা যাবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

  
রেজিস্ট্রার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়